94 30(4) 1068 **5000Rs.**

INDIA NON JUDICIAL

५000रु. Rs 5000

सत्यमेव जयते

भारत

पाँच हज़ार रुपये FIVE THOUSAND RUPEES

Addl. District Sub-Registrar
Behala South 24 Parganas
20.3.2001

A 1084/-
E 7/-
1096/-

Pl. Submit Papers. 10/1/2001

## সাফ বিক্রয় কোবালা

Deficit Stamp Duty of Rs. 5635/- has been realised vide draft No. 633341 Dt. 15/3/2001

**কোবালা গ্রহিত্রী -**

শ্রীমতী যুথিকা রায়
স্বামী শ্রী গোবিন্দ রায়
জাতি হিন্দু, পেশা গৃহকর্ম
সাং ১৩৫ নং নেতাজী সুভাষ
রোড, থানা বেহালা কলিকাতা -
৭০০০৩৪ জেলা দক্ষিণ ২৪পরগণা ।

**কোবালা দাতা -**

শ্রী স্বপন কুমার মিত্র
পিতা ৺সুবোধ চন্দ্র মিত্র
জাতি হিন্দু, পেশা চাকুরী
সাং ১৩৫নং নেতাজী সুভাষ রোড
বেহালা, থানা বেহালা কলিকাতা-
৭০০০৩৪ জেলা দক্ষিণ ২৪পরগণা ।

verified with Deed No-5081/88 of S.R. Behala. 10.1.2001

A. Fee Rs. 891/- Subsequently Realised vide Regn. Receipt No. 812532 Dated 20/3/2001
A.D.S.R

কস্য শুভ সাফ বিক্রয় কোবালা দলিল পত্র মিদং কার্য্যঞ্চাগে ঃ-

1000Rs.

INDIA NON JUDICIAL

१000रु.

Rs 1000

सत्यमेव जयते

भारत

एक हज़ार रूपये ONE THOUSAND RUPEES



জেলা দক্ষিণ ২৪ পরগণা থানা ও সাবরেজেষ্ট্রি অফিস বেহালা,পরগণা বালিয়া ঐ জেলা কালেক্টরীর ৩৪৬ নং তৌজি ভুক্ত রেঃ সাঃ নং ৮৩ জে,এল, নং ২ মৌজা বেহালা গ্রামের অনুর্গত সাবেক ১৮৫৫ নং খতিয়ান ভুক্ত সাবেক ৩৮৮৪ নং দাগে এবং হাল ৫ ১৯৮ নং খতিয়ানের অনুর্গত ১১৯৯৮ নং দাগে লিখিত /।।৶০ দশ ছটাক বাস্তু ভূমি সায় তদুপরিস্থিত গৃহাদি সায় তৎসংলগ্ন সর্ববিধ ইজমেন্ট স্বত্বাদি সহ যাহা কলিকাতা মিউনিসিপ্যাল - কর্পোরেশনের ১৩০ নং ওয়ার্ডের অনুর্গত ৯৭, নেতাজী সুভাষ রোড,কলিকাতা ৭০০০৩৪ প্রেমিসেস ভুক্ত সম্পত্তি যাহা ঐ ও নিম্ন তপশীলে বিশেষ ভাবে বর্ণিত হইল, উক্ত নিম্ন তপশীল ভুক্ত সম্পত্তি সহ অন্যান্য সম্পত্তি জনৈক ভূষণ মোহন দাস পিতা ঁব্রজ কিশোর দাস মহাশয়ের তৎকালীন মালিক -

1000Rs.

INDIA NON JUDICIAL

१000रु.

Rs 1000

सत्यमेव जयते

भारत

एक हज़ार रुपये ONE THOUSAND RUPEES



জমিদার নব কুমার মণ্ডল দিগর অধীনস্থ প্রজাই স্বত্বের স্বত্ব দখলীয় সম্পত্তি থাকে। উক্ত ভূষণ মোহন দাস মহাশয় উক্ত ও নিম্ন তপশীল ভুক্ত সম্পত্তির ভোগদখলীয় থাকা অবস্থায় বিগত ইংরাজী ৮।২।১৯২৪ তারিখে সম্পাদিত এবং আলিপুর জয়েন্ট সাবরেজেষ্ট্রি অফিসে রেজেষ্ট্রিকৃত ১নং বহির ৬ নং ভল্যুমে ২৪০ হইতে ২৪৪ পাতায় লিখিত ইং ১৯২৪ সালের ৩৮২ নং কোবালা মূলে জনৈক মহেন্দ্র নাথ মিত্র মহাশয়কে বিক্রয় করতঃ উহা হইতে চিরতরে নিঃস্বত্ব ও দখলীচ্যুত হয়েন। অতঃপর উক্ত মহেন্দ্র নাথ মিত্র মহাশয় উক্ত কোবালা মূলে খরিদ করতঃ তপশীল সম্পত্তির তৎকালীন জমিদার বাওয়ালী নিবাসী নব কুমার মণ্ডল দিগর অধীনে নিষ্কর মালিক দখলীকার থাকা অবস্থায় বিগত জেলা জরিপে

10 Rs.






তাহার নাম মালিক দখলকার হিসাবে লিপিবদ্ধ হইয়া চূড়ান্ত ভাবে প্রকাশিত ও প্রচারিত হয়। অতঃপর উক্ত মহেন্দ্র নাথ মিত্র মহাশয় উক্ত সম্পত্তির উপর বসবাসের নিমিত্ত গৃহাদি নির্মাণ করিয়া বসবাসের দ্বারা মালিক হিসাবে নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি সহ অন্যান্য সম্পত্তি ভোগদখলীকার থাকা অবস্থায় বিনা উইলাদিতে বা অপর হস্তান্তর দলিল সম্পাদন না করিয়া ইহলোক ত্যাগ করিলে তদীয় ত্যক্ত সম্পত্তি তাহার দুই পুত্র যথাক্রমে প্রবোধ চন্দ্র মিত্র ও সুবোধ চন্দ্র মিত্র তৎকালীন হিন্দু ওয়ারেশ আইনানুসারে প্রাপ্ত হইয়া ভোগদখলীকার থাকা অবস্থায় উক্ত প্রবোধ চন্দ্র মিত্র তাহার ভাগিনেয় শ্রী অমল কুমার রায় মহাশয়কে বিগত ইং ১২।৮।১৯৭৫ তারিখে এ্যাসিওরেন্স অফ কলিকাতা সাবরেজেষ্ট্রি অফিসে - রেজেষ্ট্রিকৃত ৩নং বহির ২নং ভল্যুমে ২৪৫ হইতে ২৫০ পাতায় লিখিত ইং - ১৯৭৫ সালের ২৮৪ নং ব্যবস্থাপত্র দলিল মূলে তাঁহার অবিভক্ত ১/২ অংশ প্রদান করতঃ মৃত্যুমুখে পতিত হয়েন তৎপর উক্ত অমল কুমার মহাশয় উক্ত ব্যবস্থাপত্র -

দলিলের শর্তানুসারে প্রবোধ চন্দ্র মিত্র মহাশয়ের তক্ত $\frac{1}{2}$ অংশের সম্পত্তির মালিক হইয়া অপর অংশীদার শ্রী সুবোধ চন্দ্র মিত্র মহাশয়ের সহিত এজমালে ভোগদখলীকার থাকা অবস্থায় তাহাদের ভোগদখলেরঅসুবিধা বিধায় বিগত ইং ৪।৪।১৯৮৪ তারিখে সম্পাদিত বেহালা সাবরেজেষ্টি অফিসে রেজেষ্টিকৃত ১নং বহির ১০৯৬ নং বন্টন নামা দলিল মূলে নিজেদের মধ্যে আপোষে বিভাগ বন্টন করিয়া লয়েন। উক্ত আপোষ বিভাগ বন্টন নামা দলিলের শর্তানুসারে শ্রী সুবোধ চন্দ্র মিত্র মহাশয় উক্ত বন্টন নামা দলিলে বর্ণিত ৴।০।।৵০ পাঁচ কাঠা দশ ছটাক বাস্তু জমি সহ অন্যান্য সম্পত্তি যাহা উক্ত বন্টন নামা দলিলের ।খ। তপশীলে বর্ণিত সম্পত্তি আছে, তাঁহার একক সীমানা চিহ্নিত মতে বন্টনকৃত সম্পত্তি হিসাবে ১৬ আনা নির্ব্যুঢ় স্বত্বে অন্যের নিরংশে প্রাপ্ত হইয়া তৎকালীন মিউনিসিপ্যালিটিতে নিজ নাম পত্তনে একক মালিক হিসাবে ভোগবান ও দখলীকার থাকা অবস্থায় বিগত ইং ১৪।১২।১৯৮৩ তারিখে আমি অত্র কোবালা দাতা আমাকে এককেতা দানপত্র দলিল মূলে দান করতঃ উহা হইতে চিরতরে নিঃস্বত্ব ও দখলীচ্যুত হয়েন। উক্ত দানপত্র দলিল বেহালা সাবরেজেষ্টি অফিসে রেজেষ্টিকৃত ১নং বহির ৭৭ নং ভলুমের ৪৯৩ হইতে ৫০৪ পৃষ্ঠায় লিখিত ১৯৮৩ সালের ৫০৮১ নং দলিল মূলে লিপিবদ্ধ হয়। আমার পিতাঠাকুর অধুনা মৃত সুবোধ চন্দ্র মিত্র মহাশয়ের নিকট হইতে ইংরাজী ১৪।১২।১৯৮৮ তারিখে বেহালা এ, ডি, এস, আর অফিসে রেজেষ্টি কৃত ১নং বহির ৭৭ নং ভলুমের ৪৯৩ হইতে ৫০৪ পাতায় লিখিত ইংরাজী ১৯৮৩ সালের ৫০৯১ নং উক্ত দানপত্র দলিল মূলে উক্ত সম্পত্তি প্রাপ্ত হইয়া অন্যের নিরংশে নির্ব্যুঢ় স্বত্বে প্রাপ্ত হইয়া ১৬ আনা মালিক হিসাবে নিজ স্বত্ব পরিচালনে কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনে নিজ

নাম পত্তন করতঃ ট্যাক্সাদি ও খাজনাদি আদায় ক্রমে আমি এএ কোবালা দাতা আমার পরিবার বর্গ লইয়া বসবাসের দ্বারা এযাবৎকাল ভোগবান ও দখলিকার রহিয়াছি।

প্রকাশ থাকে যে কোবালা গ্রহিত্রী আপনি আমি এএ কোবালা দাতা আমার অধীনে উক্ত প্রেমিসেসের উপর নির্মিত দুইখানি ঘরে বহুদিন যাবৎ মাসিক ভাড়াটিয়া হিসাবে আপনার স্বামী কন্যা পরিবার বর্গ সহ বসবাস করিতেছেন।

একণে এএ কোবালা গ্রহিত্রী আপনার পরিবার বর্গ লইয়া বসবাস করিবার কোনরূপ স্থায়ী গৃহাদি না থাকার কারণ এবং নিম্ন বর্ণিত সম্পত্তি খরিদ করিলে আপনার নিজস্ব সম্পত্তি হইবে এবং আপনার বসবাসের বিশেষ সুবিধা হইবে এইরূপ চিন্তা করিয়া উক্ত সম্পত্তি খরিদ করিবার জন্য আমাকে অনুরোধ করিলে আমি এএ কোবালা দাতা আমার পিতা ঠাকুরের নিকট হইতে দান সূত্রে প্রাপ্ত কমবেশ ৷৫৷৷৵০ পাঁচ কাঠা দশ ছটাক সম্পত্তি হইতে নিম্ন তপশীলে বিশেষ ভাবে বর্ণিত ৷৷৵০ দশ ছটাক বাস্তু জমি মায় তদুপরিস্থিত ইটের দেওয়াল টালির ছাউনি যুক্ত এক কামরার গৃহাদি যাহা নিম্ন তপশীলে লাল রংয়ের রেখা দ্বারা সীমাঙ্কিত ও প্রদর্শিত হইয়াছে তাহা অন্য কোন ক্রেতা খরিদ করিতে রাজি না হওয়ায় এবং আপনাকে বিক্রয় করিবার ঘোষণা করিলে আপনি এএ কোবালা গ্রহিত্রী তাহা অবগত হইয়া নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি বেলমোক্তা মবলগে ১,০০,০০০ একলক্ষ টাকা প্রদানে খরিদ করিতে ইচ্ছুক হইয়া আমার নিকট প্রস্তাব করিলে পর আমি এএ কোবালা দাতা উক্ত প্রস্তাবে সম্মত হইয়া অদ্য তারিখে আপনার নিকট হইতে ধার্য্য পণের সমুদয় টাকা নিম্নের জায়মত গ্রহণ করিয়া ও তাহার প্রাপ্তি স্বীকার -

করিয়া আপনার ব্যয়ে ও আপনার নাম বরাবর এই বিক্রয় কোবালা দলিলে সহি সম্পাদন ও রেজেষ্টারি করিয়া দিয়া বিক্রীত সম্পত্তির খোলসা দখল অদ্যই আপনাকে বুঝাইয়া দিয়া উহা হইতে নিঃস্বত্ব ও দখলীচ্যুত হইলাম।

আমি এই কোবালা দাতা এতদ্বারা প্রচার প্রকাশ স্বীকার ও অঙ্গীকার - করিতেছি যে নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তিতে মায় তৎসংলগ্ন যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি-তে আমার যে সকল স্বত্ব স্বার্থ লভ্য দখল অধিকার হক হকিয়ৎ দাবী দাওয়া ছিল বা আছে তৎসমুদয় অদ্য হইতে এই কোবালা বনিয়াদে চিরতরে রদ রহিত ও বিলুপ্ত ধ্বংস হইয়া সর্ববতোভাবে আপনার প্রতি বর্ত্তিল এবং অর্শিল। আপনি অদ্য হইতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান ও মালিক দখলীকার হইয়া মালিক সরকারে ও কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনে আমার নামের স্থলে আপনার নিজ নাম পত্তন করতঃ আমার ধার্য্য খাজনা ও ট্যাক্সাদি আদায় দিয়া পুত্র পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণ ক্রমে সর্বব প্রকার দান, বিক্রয়, বন্ধকাদির দ্বারা সর্ববিধ হস্তান্তর অবস্থান্তর ও রূপান্তর করণের ক্ষমতা যুক্তে যদৃচ্ছা ভাবে পরম সুখে ভোগদখল করিতে থাকুন ও তাহাতে আমি মায় আমার ওয়ারিশানগনের কোন ওজর আপত্তি থাকিবে না বা করিলে তাহা এই দলিলের বলে সর্বব প্রকার অফিস আদালতে বাতিল নামঞ্জুর ও অগ্রাহ্য হইবে। প্রকাশ থাকে যে, উক্ত ও নিম্ন বর্ণিত সম্পত্তি আপনি এই কোবালা গ্রহীতা ভবিষ্যতে যদি কখনও বিক্রয় করিবার আবশ্যক হয় তাহা হইলে আমাকে বা আমার ওয়ারেশগণকে তাহা কিনিবার জন্য প্রথমে সুযোগ দানে বাধিত করিবেন। আমরা অপারগ হইলে তখন তৃতীয় কোন ব্যক্তিকে বিক্রয় - করিতে পারিবেন এবং নিজ ওয়ারেশগণ ছাড়া কাহাকেও দান করিবার ক্ষেত্রে ও ইহাই বিবেচ্য হইবে। -

আরও প্রকাশ থাকে যে বিক্রীত উক্ত ও নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি বা তাহার কোন অংশ আমি ইতিপূর্বে কোন প্রকার দান বিক্রয় বন্ধকাদি লিজ ইত্যাদি দ্বারা কোন প্রকার হস্তান্তর করি নাই বা উহা বিক্রয় করিবার জন্য আমি কাহারো সহিত কোন লিখিত বা মৌখিক চুক্তি করি নাই। উহা কোন জনহিতকর কার্য্যের জন্য কোন সরকার বা আধা সরকার বা কোন পাবলিক বডি কর্ত্তৃক রিকুইজিশান বা এ্যাকুইজিশান হয় নাই বা ঐ প্রকার হইবার জন্য অদ্যাবধি কোন নোটিশ পাই নাই কিংবা উহাতে কোন মামলা চলিত বা মুলতুবি নাই বা উহা কোন মামলার - বিষয় ভুক্ত সম্পত্তি নহে বা উহা কোন দেবোত্তর, পীরোত্তর সম্পত্তি নহে কিংবা উহা আমি কোন দেব সেবায় অর্পণ করি নাই। সম্পূর্ণ নির্দায় নির্দোষ মুক্ত অবস্থায় আমার খাস দখলে থাকাকালীন আপনার নিকট বিক্রয় করিয়া এককালীন চিরনিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম ও খাস এবং খোলসা দখল বুঝাইয়া দিলাম।

ভবিষ্যতে যদি অত্র দলিলের কোন ভুল ভ্রান্তি থাকা প্রকাশ পায় এবং তাহার জন্য আপনার স্বত্ব দখলের কোন বিঘ্ন হয় এবং তাহার জন্য যদি কোন ঘোষণা পত্র দলিল বা প্রচার পত্র দলিল বা পোষক দলিল করিবার আবশ্যক হয় তাহা হইলে আমি আপনার তলব মত আপনার ব্যয়ে তাহা করিয়া দিতে বাধ্য রহিলাম।

খাজনা প্রাপকের সেরেস্তায় ও কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনে নাম জারি পত্তন বা অন্য কোন কার্য্যের জন্য যদি কোন দরখাস্ত বা সাহায্যের আবশ্যক হয় তাহাও করিয়া দিতে ওয়ারেশানগণ ক্রমে বাধ্য রহিলাম। দলিল সাথ গ্রথিত নকসায় দলিলের একাংশ বলিয়া সর্ব্ব প্রকার অফিস আদালতে গণ্য হইবেক।

প্রকাশ থাকে যে দলিল দাতা আরও সম্পত্তি বর্ত্তমান থাকায় বিক্রীত সম্পত্তির মূল দলিল গ্রহীতাকে অর্পণ করা সম্ভবপর হইল না, কিন্তু প্রয়োজনে দলিল গ্রহীতার

তাব মত ও তাহার খরচে উক্ত মূল কোবালা দলিল দর্শাইতে ও অফিস আদালতে দাখিল করিতে বাধ্য রহিলাম।

যদি ভবিষ্যতে এই দলিলে আমার উপরোক্ত উক্তি সমূহের মধ্যে কোন একটি উক্তি তঞ্চকী, মিথ্যা বা বিপরীত বলিয়া প্রকাশ পায় এবং তাহার জন্য আপনার স্বত্ব দখলের কোন বিঘ্ন হয় তাহা হইলে আমি উভয়বিধ আইন আমলে আসিয়া দায়ী ও দণ্ডনীয় হইব এবং আপনার দেয় পণের সমুদয় টাকা মায় যাবতীয় ক্ষতি খেসারত সহ আইন সঙ্গত খরচাদি সহ নগদে এককালীন আদায় দিতে বাধ্য রহিলাম।

এতদর্থে সুস্থ শরীরে সবল মনে অন্যের বিনানুরোধে ও বিনা প্ররোচনায় এই কোবালার দলিলের মর্ম সম্যক পাঠ করিয়া ও সম্যক মর্ম ও ফলাফল অবগত হইয়া নিম্ন সাক্ষীগনের সাক্ষাতে উপস্থিত হইয়া পণ মূল্যের সমুদয় টাকা নগদে স্বহস্তে বুঝিয়া পাইয়া সহি সম্পাদন করিলাম। ইতি তাং সন ২০০১ সালের ৯০ই জানুয়ারী বাংলা সন ১৪০৭ সালের ২৫ শে পৌষ।

বিক্রীত সম্পত্তির পরিচয়

জেলা দক্ষিণ ২৪পরগণা থানা ও সাবরেজেষ্ট্রি অফিস বেহালা, পরগণা বালিয়া এই জেলা কালেকটারীর ৩৪৬ নং তৌজি ভুক্ত রেঃ সাঃ নং ৮৩ জে,এল নং ২ মৌজা বেহালা গ্রামের অন্তর্গত সাবেক ১৮৫৫ নং ও হাল ৫১৯৮ নং খতিয়ানের অন্তর্গত সাবেক ৩৮৮৪ নং ও হাল ১১৯৯৮ নং দাগে লিখিত হাল কলিকাতা মিউনিসিপ্যাল - কর্পোরেশনের ১৩০ নং ওয়ার্ডের অন্তর্গত ৯৭ নং নেতাজী সুভাষ রোড, কলিকাতা - ৭০০০৩৪ প্রেমিসেস ভুক্ত আমার দান স্বরূপে প্রাপ্ত কমবেশ ।/০।।৵০ পাঁচ কাঠা দশ ছটাক বাস্তু জমি মায় গৃহাদি হইতে ।/।।৵০ দশ ছটাক বাস্তু জমি মায় তদুপরিস্থিত -

# DEED PLAN FOR. SMT. JUTHIKA ROY.

## WIFE OF. SRI. GOBINDA CH. ROY.

AT. 135. NETAJI SUBHAS ROAD, PART OF C. S. DAG. NO. 3884.


KHATIAN. NO. 1855, R.S. DAG. NO. 11998, KHATIAN. NO. 5198, J.L. NO. 2,

R.S. NO. 83, TOUJI. NO. 346, MOUZA. & P.S. BEHALA, DIST:- SOUTH 24-PGS,

UNDER:- CALCUTTA MUNICIPAL CORPORATION (S.S. UNIT), PREM. NO. 97. N.S. ROAD, WARD. NO. 130.

SCALE:- 1"=20'-0"

AREA:- 0 K.-10 CH.- 0 SFT. (APPROX). SHOWN IN RED.



ইটের দেওয়াল টালির ছাদ যুক্ত দুই কামরা গৃহাদি যাহার পরিমাপ ১০০ বর্গ ফুট মায় পশ্চিম দিকে ড্রেনের প্রভিশন সহ সি,এম,সি রাস্তার চলাচলের রাইট সহ যানবাহনাদি লইয়া অবাধ চলাচল এবং উক্ত প্যাসেজের উপর ও নীচ দিয়া ইলেকট্রিক লাইন, টেলিফোন লাইন, গ্যাস ও জলের কল আনা লওয়া এবং জল নিকাশাদি সহ সর্ব্ব প্রকার ব্যবহারিক ও যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি সহ অত্র কোবালা দলিলের বিষয়ীভুক্ত সম্পত্তি হইতেছে। বিক্রীত সম্পত্তি অত্র সহ গ্রথিত নকসায় লাল রংয়ের রেখা দ্বারা রঞ্জিত হইয়া প্রদর্শিত হইল। উক্ত নকশা অত্র দলিল বা তপশীলের একাংশ বলিয়া গণ্য হইবে।

উহার চৌহদ্দি :-

| | |
|---|---|
| উত্তরে - | দাতার জমি ও গৃহাদি। |
| দক্ষিণে - | শ্রীযুক্ত কালি মোহন পণ্ডিত মহাশয়ের বাটি ও জমি। |
| পূর্ব্বে - | দাতার জমি ও বাটি। |
| পশ্চিমে - | সি,এম,সি র রাস্তা। |

টাকার জায়

অদ্য তারিখে নোটে ও নগদে ১,০০,০০০ টাকা

মবলগে একলক্ষ টাকা মাত্র নগদে বুঝিয়া পাইলাম।

(signature)

সাক্ষী (handwritten names and addresses)

মুসাবিদাকারক
Prasenjit Mukherji
এ্যাডভোকেট, আলিপুরজজকোর্ট

টাইপকারক
(signature)
আলিপুরজজকোর্ট